

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮০৮

আগরতলা, ২০ জুলাই, ২০২৪

খার্চ উৎসব ও প্রদর্শনী

সপ্তম দিনে কৃষ্ণমালা মঞ্চে ও হাবেলি
মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান

খার্চ উৎসব ও প্রদর্শনীর আজ ছিল সপ্তম দিন। এ উপলক্ষে প্রতিদিনই তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং খার্চ মেলা কমিটির উদ্যোগে চতুর্দশ দেবতাবাড়ি প্রাঙ্গণের কৃষ্ণমালা মঞ্চে ও হাবেলি মুক্তমঞ্চে আয়োজিত হয়েছে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। লাবণ্য একাডেমি ও রিদম ডান্স একাডেমির সমবেত ভক্তি সংগীত ও সমবেত নৃত্যের মধ্য দিয়ে কৃষ্ণমালা মঞ্চে আজ সকালবেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। মঞ্চে ৫ জন বিশিষ্ট সংগীত শিল্পী একক সংগীত পরিবেশন করেন। এছাড়া মঞ্চে বিজয়লক্ষ্মী সিনহা রামায়ণ গান এবং শান্তিরবাজার থেকে আগত মুড়াসিংপাড়া লোকরঞ্জন শাখার শিল্পীগণ আদিবাসী বাউল সংগীত পরিবেশন করেন।

বিকালবেলায় হাবেলি মুক্তমঞ্চের শিশু উৎসবে ৮টি শিশু সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সমবেত সংগীত ও সমবেত নৃত্য পরিবেশন করে। ৮ জন শিশু শিল্পী একক সংগীত পরিবেশন করে। একক নৃত্য পরিবেশন করে দেবাদৃতা কর্মকার ও রূপাঞ্জনা চৌধুরী। গানের জগত সাংস্কৃতিক সংস্থার শিশু শিল্পীগণ সমবেত বাদ্যযন্ত্র বাদনে অংশ নেয়। উল্লেখ্য, গতকাল ষষ্ঠিদিনে খার্চ উৎসবের কৃষ্ণমালা মঞ্চে রাতের অনুষ্ঠানে বাংলাদেশ থেকে আগত বিশিষ্ট শিল্পী সুমি হায়দার বাউল সংগীত পরিবেশন করেন। অগণিত দর্শক ও শ্রোতা এই সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।
